# India Russia consultations on UNSC issues

January 31, 2022

---

# রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদ সম্পর্কিত বিষয় নিয়ে ভারত ও রাশিয়ার মধ্যে আলোচনা

জানুয়ারি 31. 2022

31 শে জানুয়ারি 2022 তারিখে নিউ দিল্লিতে ভারত ও রাশিয়ার মধ্যে রাষ্ট্রপুঞ্জ সম্পর্কিত বিষয় নিয়ে ভারত ও রাশিয়ার মধ্যে দ্বিপাক্ষিক আলোচনা অনুষ্ঠিত। ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন বিদেশ মন্ত্রকের সচিব (পশ্চিম) শ্রীমতী রীনাত সান্ধু। অন্যদিকে রাশিয়ার প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন রাশিয়ান ফেডারেশনের পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের উপমন্ত্রী হিজ এক্সেলেন্সি রাষ্ট্রদূত সের্গেই ভাসিলিয়েভিচ ভার্সিনিন।

2. আগামী 2022-র ফেব্রুয়ারিতে রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদের সভাপতিত্বকালের জন্য সচিব(পশ্চিম) রাশিয়াকে ধন্যবাদ জ্ঞাপন করেন। উভয়পক্ষ রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদের আলোচ্য বিষয় সূচি এবং সেই সম্পর্কিত ঘটনাবলীর বিকাশ নিয়ে বিস্তৃত পরিসরের আলোচনা করেছেন।উভয় পক্ষ বহুপাক্ষিক মঞ্চে পারস্পরিক স্বার্থের বিষয়গুলিতে সহযোগিতাকে আরও গভীর করার জন্য সম্মত হয়েছেন। রাশিয়ান প্রতিনিধি দল রাষ্ট্রপুঞ্জের সাধারণ পরিষদের 76 তম অধিবেশনে তাদের অগ্রাধিকারগুলি ভারতকে অবহিত করেছেন।উভয় পক্ষ তাদের দীর্ঘস্থায়ী বিশেষ এবং কৌশলগত অংশীদারিত্বের সাথে সঙ্গতি রেখে অভিন্ন চ্যালঞ্জের মোকাবিলায় নিবিড়ভাবে কাজ করার জন্যও একমত হয়েছেন।

3. সফর চলাকালীন, উপমন্ত্রী, বিদেশ সচিব শ্রী হর্ষবর্ধন শৃঙ্গলার সাথেও সাক্ষাৎ করেছেন এবং রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদের আগামী সভাপতিত্বকালে রাশিয়ার অগ্রাধিকারগুলিকে অবহিত করেছেন।

নিউ দিল্লি
জানুয়ারি 31, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.